

Class - 5

2nd Language (BENGALI)

হিন্দু-মুসলমান

(1) কবিতাটি মুখস্ত করো এবং কবির নামসহ ছয় লাইন লেখ।

(2) প্রশ্নগুলোর উত্তর লেখ:

ক) হিন্দু মুসলমান কবিতাটি কার লেখা? উত্তর: হিন্দু মুসলমান কবিতাটি কাজী নজরুল ইসলামের লেখা।

খ) 'এক বৃন্তে দুটি কুসুম' বলতে কী বোঝানো হয়েছে? উত্তর: একই ভারত মায়ের কোলে দুটি সম্প্রদায়ের মানুষ হিন্দু এবং মুসলমান কে বোঝানো হয়েছে।

গ) কে তার নয়নমণি এবং কে তার প্রাণ? উত্তর: মুসলিম তার নয়ন মনি' এবং হিন্দু তার প্রাণ।

ঘ) রবিশশী কি? উত্তর: রবিশশী হল সূর্য এবং চন্দ্র।

ঙ) 'এক সে দেশের মাটিতে পায়' বলতে কবি কী বুঝিয়েছেন? উত্তর: হিন্দু এবং মুসলমান উভয় সম্প্রদায়ের মানুষের দেহ মৃত্যুর পর মাটিতে মিশে যায় এটাকেই কবি বলেছেন এক সে দেশের মাটিতে পায়।

চ) 'গোর' এবং 'শ্মশান' কি? উত্তর: মৃত্যুর পর মুসলমানরা যেখানে কবর দেয় তাকে বলা হয় গোর এবং হিন্দুরা যেখানে মৃত দেহকে দাহ করে তাকে বলা হয় শ্মশান।

(3) শূন্যস্থান পূরণ করো:

মোরা এক সে _____ খাই গো হাওয়া, এক সে দেশের _____, এক সে মায়ের _____ ফলে এক ফুল ও ফল, এক সে দেশের _____ পাই কেউ _____ কেউ _____ ঠাঁই।

(4) বাক্য রচনা করো: কুসুম, দেশের, হাওয়া, মাটি, নয়নমনি, রবিশশী, ভাষা

(5) সঠিক বাক্যের পাশে '✓' এবং ভুল বাক্যের পাশে '✗' চিহ্ন বসো।

ক) হিন্দু মুসলমান উভয়ই এক দেশের অধিবাসী। []

খ) হিন্দু ও মুসলমান হলো ভারত মাতার দুই সন্তান। []

গ) হিন্দু ও মুসলমান একই সম্প্রদায়ভুক্ত মানুষ। []

ঘ) বাংলার হিন্দু ও মুসলমানরা একই ভাষায় কথা বলেন। []

মামা গো

(1) প্রশ্নগুলির উত্তর নিজে লেখ:

ক) ছেলেটি খবরের কাগজে কি সংবাদ পড়েছিল? খ) ওই সংবাদ পড়ে সে ভয় পেয়েছিল কেন? গ) ছেলেটির কান্নার আসল উদ্দেশ্য কি ছিল? ঘ) পৃথিবীর সঙ্গে ধূমকেতু সংঘর্ষ হলে কি কি ব্যাপার ঘটতে পারে বলে ছেলেটি ভেবেছিল? ঙ) বাস্তবে কি এরকম ঘটনা সম্ভব? চ) দূরবীক্ষণ যন্ত্র কি? ছ) মানমন্দির কি? জ) জ্যোতির্বিদ কারা? ঝ) ধূমকেতু কি?

(2) বাক্য রচনা করো: গভীর, ভ্যাংচানো, বিশ্রাম, খাপ্পর, বিরক্তভাবে

(3) শূন্যস্থান পূরণ করো:

আমেরিকার কোন বিখ্যাত _____ হইতে সংবাদ আসিয়াছে যে, তত্রস্থ _____ যন্ত্রে একটি ধূমকেতু দেখা গিয়েছে। জ্যোতির্বিদ পণ্ডিতেরা _____ করিয়া বলিয়াছেন যে, আগামী জুন মাসে এই ধূমকেতু পৃথিবীর _____ হইবে এবং তখন পৃথিবীর সহিত তাহার _____ হইবে।

(4) সঠিক বাক্যের পাশে '✓' এবং ভুল বাক্যের পাশে '✗' চিহ্ন বসাত।

ক) ধূমকেতু হলো এক ধরনের গ্রহ। []

খ) দূরবীক্ষণ যন্ত্র দিয়ে ধূমকেতু দেখা যায়। []

গ) ধূমকেতুর সঙ্গে সংঘর্ষ হলে পৃথিবী ভেঙে চুরমার হয়ে যাবে। []

ঘ) মানুষের মৃত্যুর কথা কিছু বলা যায় না। []

ঙ) মামার কাছ থেকে পুরস্কার পাবার জন্য বালকটি এত কথা বলেছে। []